



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/যেএস/ডিপি-২০২৪/২৫৩৬

তারিখ: ০৮.০৮.২০২৪

জনাব কামাল উদ্দিন

আইডি# ১৮৬১

আঞ্চলিক ব্যবস্থাপক (আইসিবি, ওয়াইই অ্যান্ড জিএ)

রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিওরশীপ অ্যান্ড লাইভলিহুড ইম্প্রুভমেন্ট (আরইএলআই) প্রজেক্ট

আঞ্চলিক কার্যালয়, যশোর।

বিষয়: কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব কামাল উদ্দিন ১৪-১৬ মে ২০২৪ তিন (৩) দিন ব্যাপি ফ্যাসিলিটেশন ও কমিউনিকেশন বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজনের জন্য ২,০৭,৮৩৬.০০ (দুই লক্ষ সাত হাজার আটশত ছত্রিশ) টাকার বাজেট প্রণয়ন করেন কিন্তু, প্রশিক্ষণ সমন্বয়ক হিসেবে আপনি প্রশিক্ষণ সম্পন্নান্তে সিএসএস এভিএ সেন্টার কর্তৃক দাখিলকৃত তিন বার তিন রকম অংকের বিল পরিশোধের জন্য সুপারিশ করেন (প্রথম বার ২০/০৫/২০২৪ তারিখে ২,১৩,০০৪ টাকার বিল, দ্বিতীয় বার ২৩/০৫/২০২৪ তারিখে ২,০৭,৯৪৪ টাকার বিল এবং তৃতীয় বার ২৬/০৫/২০২৪ তারিখে ২,১০,২৪৪ টাকার বিল) যা শুধু দাখিলকৃত বিলের সত্যতা ও বিশ্বাসযোগ্যতাকেই প্রশ্নবিদ্ধ করে না বরং একইসাথে আপনার দায়িত্বে অবহেলা ও অব্যবস্থাপনার দৃষ্টান্ত স্থাপন করে;

যেহেতু, প্রশিক্ষণের জন্য অনুমোদিত ২,০৭৮৩৬ টাকার বাজেটের বিপরীতে সিএসএস এভিএ কর্তৃক তৃতীয় বার অর্থাৎ ২৬/০৫/২০২৪ তারিখে দাখিলকৃত ২,১০,২৪৪ টাকা এবং প্রশিক্ষণ সম্পর্কিত খুচরা বিল ১১,৪৭৩ টাকা এবং বাজেটে নির্ধারিত প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের জন্য রুমভাড়া বাবদ ৮,৭২৯ টাকা সমেত সর্বমোট খরচের পরিমাণ দাঁড়ায় ২,৩০,৪৪৬ টাকা যা অনুমোদিত বাজেটের চেয়ে ২২,৬১০ টাকা বেশি এবং যা বাজেট প্রণয়নে আপনার অদক্ষতাকেই তুলে ধরে;


যেহেতু, ডা. কায়মুন আক্তার মুনা আঞ্চলিক ব্যবস্থাপক (হেলথ অ্যান্ড নিউট্রিশন) একজন প্রশিক্ষণার্থী হিসেবে প্রশিক্ষণের পূর্বের দিন অর্থাৎ ১৩ মে, ২০২৪ তারিখ বিকাল ৪:৪০ মিনিটে প্রশিক্ষণ সেন্টারে না থাকার বিষয়ে মোবাইল ফোনে আপনাকে অবগত করলেও আপনি রুম বরাদ্দ বাতিল করেননি, ফলশ্রুতিতে ঐ দিনের বিল এসডিএফ কর্তৃক প্রদান করতে হয়েছে যা আপনার দুর্বল ব্যবস্থাপনার জন্যই সম্পাদিত হয়েছে;

যেহেতু, তাঁর এহেন অপেশাদারসুলভ আচরণ, দায়িত্ব পালনে অসচেতনতা ও অবহেলার কারণে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে যা অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ;

এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার কারণ আগামী ১৯/০৮/২০২৪ তারিখের মধ্যে লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণের জন্য বলা হলো। অন্যথায়, বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে একতরফাভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

ধন্যবাদান্তে,


০৮-০৮-২০২৪

এস. এম. তওফিকুর রহমান

মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা।
- ২) পরিচালক, অর্থ ও ক্রয়, এসডিএফ, ঢাকা।
- ৩) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, যশোর অঞ্চল।
- ৪) অফিস কপি।